# বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতির
## ২০২৫-২০২৬ ও ২০২৬-২০২৭ সালের
## নির্বাচন পরিচালনা বোর্ডের ১ম সভার কার্যবিবরণী।

**সভার তারিখ ও সময়** ঃ ২৬জুলাই ২০২৫ইং রোজ ঃ শনিবার, বিকাল ৩.০০ ঘটিকা।

**সভার স্থান** ঃ বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতির কার্যালয়
প্যারামাউন্ট টাওয়ার (৩য় তলা) ৮০/৪, সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, শান্তিনগর, ঢাকা-১২১৭

**উপস্থিত সদস্যবর্গ ঃ**

| ক্রমিক নং | উপস্থিত সদস্যবৃন্দের নাম ও ঠিকানা | পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব ফরহাদ আহমেদ<br>এ্যাডভোকেট, সুপ্রীম কোর্ট অব বাংলাদেশ<br>কক্ষ নং-৩০৪২, এনেক্স বিল্ডিং<br>সুপ্রীমকোর্ট বার ভবন, শাহবাগ, ঢাকা, ফোন: ০১৭১১-১২৯২৭২ | চেয়ারম্যান | |
| ২ | জনাব জুলকার শাহীন<br>সাবেক সাধারণ সম্পাদক, বাংলাদেশ মুদ্রণ শিল্প সমিতি<br>গদাবাগ কেরানীগঞ্জ, ঢাকা, ফোন: ০১৭১৩-৪২৬০৭৭ | সদস্য | |
| ৩ | জনাব মোঃ ওয়াহিদুর রহমান টিপু<br>সাবেক সিনিয়র সহ-সভাপতি, বাংলাদেশ মুদ্রণ শিল্প সমিতি<br>১৯, কাজী আব্দুর রউফ রোড, ঢাকা, ফোন: ০১৭১১-৬৮০৭৮০ | সদস্য | |

সভায় সভাপতিত্ব করেন নির্বাচন বোর্ডের চেয়ারম্যান জনাব ফরহাদ আহমেদ। সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত নির্বাচন বোর্ডের সম্মানীত সদস্যবৃন্দকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন, অতপর একটি সুষ্ঠ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন বোর্ডের উপর ন্যস্ত গুরু দায়িত্ব সম্পর্কে সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন এবং এ ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করে সভার কার্যক্রম শুরু করেন।

সভায় বাণিজ্য সংগঠন আইন-২০২২, বণিজ্য সংগঠন বিধিমালা-২০২৫ এবং বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতির গঠনতন্ত্র (প্রযোজ্যক্ষেত্রে) অনুযায়ী নির্বাচনের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা হয় এবং বিগত ১৫ জুলাই' ২০২৫ইং তারিখে কার্যনির্বাহী কমিটির সভায় ১৬/১০/২০২৫ইং তারিখ নির্বাচনের দিন ধার্য্য করা হয়। এ লক্ষ্যে নির্বাচনী তফসীল, নির্বাচন সংক্রান্ত বিজ্ঞপ্তি ও নির্বাচন আচরণ বিধি সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং ঘোষণার সিদ্ধান্ত গ্রহীত হয়। একই সাথে নির্বাচনী তফসীল, নির্বাচন সংক্রান্ত বিজ্ঞপ্তি ও নির্বাচন আচরণ বিধি সমিতির ওয়েব সাইট, নোটিশ বোর্ডে টানানোসহ সমিতির সকল সদস্যেদের নিকট যথাযথভাবে প্রেরণের জন্য সমিতির অফিস সচিবকে দায়িত্ব প্রদান করা হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় আগামী ১৭ আগস্ট' ২০২৫ইং তারিখ রোজ রবিবার বিকাল ৩.০০ ঘটিকায় নির্বাচনী তফসীলে বর্ণিত কার্যক্রমের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ এবং অদ্যকার সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**(এ্যাডভোকেট ফরহাদ আহমেদ)**
চেয়ারম্যান, নির্বাচন বোর্ড
বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি